

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
বাজেট অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ কার্তিক ১৪২৩/৩১ অক্টোবর ২০১৬

নং ৪৮.০০.০০০০.০০২.০৩৪.০০২.১২-৮৫০—সরকার বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ যে সকল মুক্তিযোদ্ধা বীর শ্রেষ্ঠ, বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক খেতাবে ভূষিত হয়েছেন, সে সকল খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগণের এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের মাসিক সম্মানী ভাতা নিম্নরূপে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার মাসিক সম্মানী ভাতা:

খেতাবের বিবরণ	মাসিক ভাতার পরিমাণ
বীর শ্রেষ্ঠ	৩০,০০০
বীর উত্তম	২৫,০০০
বীর বিক্রম	২০,০০০
বীর প্রতীক	১৫,০০০

(১৬১৮৩)

মূল্য ৪ টাকা ৪.০০

(খ) যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের মাসিক সম্মানী ভাতা:

পঞ্জুত্বের ধরন	মাসিক মূল ভাতা	চিকিৎসা ভাতা	সাহায্যকারী ভাতা	খাদ্য ভাতা	মাসিক মোট ভাতা
‘এ’ শ্রেণি (৯৬-১০০%)	৩০,০০০	২,০০০	৮,০০০	৫,০০০	৪৫,০০০
‘বি’ শ্রেণি (৬১-৯৫%)	২৮,০০০	২,০০০	-	৫,০০০	৩৫,০০০
‘সি’ শ্রেণি (২০-৬০%)	২৩,০০০	২,০০০	-	৫,০০০	৩০,০০০
‘ডি’ শ্রেণি (১-১৯%)	১৮,০০০	২,০০০	-	৫,০০০	২৫,০০০
শহীদ মুক্তিযোদ্ধা পরিবার	২৩,০০০	২,০০০	-	৫,০০০	৩০,০০০
মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবার	১৮,০০০	২,০০০	-	৫,০০০	২৫,০০০
বীর শ্রেষ্ঠ শহীদ পরিবার	২৮,০০০	২,০০০	-	৫,০০০	৩৫,০০০

২। ‘খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৬’ অনুযায়ী খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগণের এবং কল্যাণ ট্রাস্ট প্রবিধান অনুযায়ী যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের মাসিক সম্মানী ভাতা প্রদান করা হবে।

৩। ইহা ০১ জানুয়ারি ২০১৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ নূর আলম  
উপসচিব।